আমাদের অর্জন

অজয় দাশ গুপ্ত

ডামাডোলে ভুলে আছিস কার জননী কার মা / তোর সাথে কি এঁটে কভু উঠিতে পারে বার্মা? তেঁতুলিয়ার মাঠ পেরিয়ে দূরের চউগ্রামে / তোর খ্যাতি মা ছড়িয়েছিল ছোট্ট খুদিরামে/ সে ইতিহাস অজানা নয় নয় তো কিছুই উহ্য / বৃটিশদের ও হার মানালো প্রীতিলতা ও সূর্য / তুই আমাদের সাহসিকা কোটি মানব পালনে / তোর মাটিকে জাগিয়ে রাখে হাছন, ফকির লালনে / তোর বুকে তে মাখা রেখেই সারা জীবন কাল্লা হাসি / তোর ঐ মুখ মলিন হলে আমরা নয়ন জলে ভাসি / দেয়নি তো কেউ দয়ার দান মা আসে নি তা চুক্তিতে / লাখো মানুষ প্রান দিয়েছে মাগো তোমার মুক্তিতে / যার যায়নি বুকের মানিক কি করে সে বুঝিবে / তোমার শকতি বুঝেছিল তাজ উদ্দিন ও মুজিব / আগলে আছো এ দেশ তুমি শত বিরোধ দন্দ্বে / শিরায় শিরায় পাগলামি সব দেশের প্রতি রঞ্জে / সন্তান সব বুক বাঁধলে জানবে সবাই কার মা / দূশমন সব হার মানবে মানলো যেমন বার্মা